# FIRST INFORMATION REPORT

5297

W.B.P.Form No. 27

SUTAHATA P.S. PURBA MEDINIPUR

First information of cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Mdp. Sub- Divn. Haldia P.S. Sutahata Year 2017 FIR NO. 137/17 Date. 31/5/17
2. i) Act IPC Section 341/323/384/420/406/506/379/34 iii) Act Sections /
2. ii) Act Section / iv) Other Act & Sections /
3. a) General Diary Reference : Entry No. 1369 Time 11:15 hrs
   b) Occarrence of Offence : Day Friday Date 19/5/17 Time at about 21:00 hrs
   c) Information received Date 31/5/17 Time 11:15 hrs
   G. D. No. 1369 at the Police Station :
4. Type of Information. Written / Oral written
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 02 K.M west from PS.
   b) Address of Bijoyrampur II No.-71 Anchal-Chaitanyapur PS- Sutahata, Dist- Purba Medinipur.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Gopal chandra Das
   b) Father's / Husband's Name Lt Fanibhusan Das
   c) Date/Year of Birth Not noted
   d) Nationality Indian
   e) Address C.P.T. Quater No. 4/30/1, PO- Township, PS- Haldia, Dist- purba mdp.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Chhalma Begam (Attach separate sheet, if necessary) D/O- Sattar Mulla, of Hachambiea, PO+PS-
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant Bhanga Dist- Faridpur Bangladesh PIN-7830 (2) Sayed Ismail Ali S/O- Sayed Jumman Ali of Bijoyrampur, PS- Sutahata,
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) : Dist- purba medinipur (3) and others.
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is attached here with
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 341/323/384/420/406/379 506/34 IPC.

register the case and took up the investigation/directed SI Samar Mishra to take up the investigation transferred to P. S. on point of jurisdiction FIR read over to the Complainant / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Gopal Chandra Das

Signature / Thumb Impression of the Complainant /Informant

DR-4133
01/06/17

31/5/17

Signature of the Office-in-charge, Police Station with
Name JALESWAR TEWARI
Rank SI OC Officer-in-Charge
Number, if any Sutahata PS PS Purba Medinipur

Received on 31/5/17 at 11:15 hrs and started sutahata PS case No- 197/17 dt- 31/5/17 u/s 341/323/384/420/406/506/379/34 I.P.C

[signature] 31/5/17
Officer-in-Charge
Sutahata PS
Purba Medinipur

To
The O.C,
Sutahata Police station,

**দরখাস্তকারী**
গোপালচন্দ্র দাস
পিতা- ফনীভূষন দাস
CPT, Quater No. 4/30/I
পোঃ- টাউনশীপ
থানা- হলদিয়া
জেলা- পূর্ব মেদিনীপুর

**ঘটনার তারিখ এবং সময়**
গত ইংরাজী ১৯/০৫/২০১৭ তারিখ
আনুমানিক রাত্রি ৯টার সময়

আসামী
১। ছালমা বেগম
পিতা- সাত্তার মুল্লা
গ্রাম-হাচামবিয়া
পোঃ+থানা - ভাংগা
জেলা -ফরিদপুর
বাংলাদেশ পিন-৭৮৩০
ফোন নং ৭৪৭৮৯৫১০৩৬
২। সৈয়দ ইসমাইল আলি
পিতা- সৈয়দ যুম্মন আলি
গ্রাম - বিজয়রামপুর
থানা- সুতাহাটা
জেলা- পূর্ব মেদিনীপুর
৩। আরো অনেকে

অধীন দরখাস্তকারীর বিনীত নিবেদন এই যে অধীন একজন সহজ সরল আইনমান্য কারী এবং CPT Haldia এর Jr.Engineer Grade 1 হইতেছি।

উক্ত ২নং আসামী ড্রাইভার বিধায় আমার সঙ্গে পরিচয় ঘটে, পরে উক্ত আসামী আমার সহিত ১ নং আসামীর সহিত পরিচয় ঘটায়। প্রথম প্রথম উভয়ে আমার সহিত খুব ভালো ব্যবহার করে এবং আপ্যায়নের মধ্য দিয়ে উভয়ের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ে এবং উভয়ে তাহাদের বেকারত্বের জ্বালা আমায় বলিলে প্রথম প্রথম আমি ২ নং আসামীকে এক লক্ষ টাকা দিয়ে টেলারিং ব্যবসা করিয়া দেই সুতাহাটায় বাড়ীভাড়া করিয়া এবং নিজ গাড়ী তাহার ব্যবসার কাজের জন্য দেই।

G. C. Das

তার পর হইতে উক্ত আসামীদের সহিত ফোন মারফৎ একাধিক বার কথাবার্তা হয় এবং দেখা সাক্ষাত হয়।পরবর্ত্তী কালে ১ নং আসামী আমার কাছে ফোন মারফৎ কান্নাকাটি করে এবং বলে উক্ত ২ নং আসামী তাহাকে ভীষন ভাবে মারধর করে এবং অন্য পুরুষের সহিত সম্পর্ক করে টাকা রোজগার করতে। তখন অধীন উক্ত ১ নং আসামীকে দেশে যাওয়ার কথা বলি এবং আমার কথা মত ১ নং আসামী দেশে চলে যায় তারপর আমাকে দেশ থেকে ফোন করে আমাকে বলে যে, আমার পাশপোর্ট নেই তখন অধীন উক্ত আসামীকে পাশপোর্ট করিয়া আমার কাছে আসিতে বলি এবং উক্ত আসামী আসিলে আমি তাহাকে জামতলার একটি বাড়িতে ভাড়ায় রাখি। পরে জানিতে পারিলাম উক্ত আসামী ২ নং আসামীর সহিত যোগাযোগ এবং যাতায়াত আছে। যাহা প্রায় এক বৎসর পর বাড়ী ওয়ালার কাছ হইতে জানিতে পারিলাম।অধীন সরলমনে উক্ত ১ নং আসামীর ফ্যমিলি খরচ বহন করিতাম।

গত ইংরাজী ১৯/০৫/২০১৭ তারিখ আনুমানিক রাত্রি ৯টার সময় ১নং আসামী শেয়ালদা ষ্টেশনে ডাকে এবং আমাকে হলদিয়ায় ছেড়ে দিতে বলে, অধীন উক্ত ১নং আসামীকে সাহায্য করার জন্য এবং মহিলা বিধায় সাহায্য করার উদ্দেশ্যে ডিউটি করে উক্ত স্থানে পৌছায় তারপর দুজনে মিলে হাওড়া ষ্টেশনে আসি। উক্ত ১নং আসামী পরিকল্পনা মাফিক এবং উদ্দেশ্য প্রনোদিত ভাবে একজন ড্রাইভার কে ফোন করে ডাকে এবং উক্ত ড্রাইভারের সহিত ২নং আসামী আমাদের গাড়িতে তুলিয়া ব্রজলালচক হাইরোড হইয়া সকলে মিলিয়া আমাকে জোর পূর্বক ২নং আসামীর বাড়িতে লইয়া যায় এবং প্রাথমিক ভাবে ভাল ব্যবহার করে এবং আমি নিজ বাড়িতে আসার চেষ্টা করিলে উক্ত আসামীগন আমাকে জোর পূর্বক আটক করে রাখার চেষ্টা করে এবং আমি বাঁধা দিলে সমূহ আসামীগন আমাকে কিল,চড়, ঘুষি এবং লাথি মারে এবং সেই সঙ্গে গলা টিপে প্রানে মারার চেষ্টা করে এবং অধীনের বুক পকেটে থাকা ১,০০০ (এক হাজার) টাকা এবং চশমা সমস্ত কিছু ছাড়িয়া লইয়া আত্মসাত করে এবং অধীন কোন মতে প্রানে বাঁচিয়া দৌড়ে বাস ধরিয়া পালিয়ে আসি।

M. C. Das

পরে অধীন জানিতে পারে উক্ত আসামী একজন বাংলাদেশি এবং পতিতালয়ের যৌন কর্মী, তাই অধীন ধিরে ধিরে উক্ত আসামীর সহিত সম্পর্ক ছিন্ন করার চেষ্টা করি। যদিও উক্ত আসামী আমার কাছ হইতে বন্ধুত্বের সম্পর্ক বিধায় বিভিন্ন রকম সাহায্য লহীয়াছে এবং গরিব বিধায় আমি উক্ত আসামীর সংসার চালানোর জন্য আর্থিক সাহায্য করিয়াছি। বর্তমানে নিজের ছেলেমেয়ের কথা ভাবিয়া উক্ত মহিলার সঙ্গে যোগাযোগ বন্ধ করিলে উক্ত আসামী অন্যান্য আসামীদের সহযোগীতায় আমাকে ফোন মারফৎ বিভিন্ন রকম ভয়ভীতি দেখাচ্ছে এবং মিথ্যা মামলায় ফাঁসাবে বলিয়া হুঙ্কার দিচ্ছে এবং সেই সঙ্গে আমার কাছে ২,০০,০০০(দুই লক্ষ) টাকা দাবি করছে (যাহা Recording দ্বারা প্রমান হইবে) অধীন উক্ত টাকা না দিলে ফল ভাল হবেনা বলিয়া হুমকি দিচ্ছে বিভিন্ন পুরুষের গলার কন্ঠস্বর থেকে। অধীন বুঝতে পারছি উক্ত আসামীর সহিত আরো অনেকে যুক্ত হইয়া আমার কাছ হইতে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা ও ব্ল্যাকমেলিং করিয়া আদায় করার চেষ্টা করছে এবং আরও প্রকাশ থাকে উক্ত উভয় আসামী একযোগে ষড়যন্ত্র করিয়া এবং সেই সঙ্গে আমার কাছ হইতে বিভিন্ন রকম ভাবে ভয় দেখিয়ে ইতি পূর্বে ১ নং আসামী প্রায় ২,৪০,০০০ টাকা এবং ২ নং আসামী ৩,৫০,০০০ টাকা নিয়েছে।এখন আবার আমার কাছ হইতে টাকা চাচ্ছে এবং বলছে পুলিশকে জানালে তোর পরিবারের ভীষন ক্ষতি হইবে।

আরও প্রকাশ থাকে যে, উক্ত ২ নং আসামী বিভিন্ন দেশ হইতে চোরা পথে মেয়েদের চাকুরী দেবে বলিয়া আনিয়া বিভিন্ন পতিতালয়ে লক্ষ লক্ষ টাকার বিনিময়ে বিক্রয় করে, এবং আরও অনান্য মহিলাদের বিভিন্ন পতিতালয়ে রেখে এবং টাকা রোজগার করে যাহা তদন্তকালে প্রকাশ পাইবে।

অতএব মহাশয়ের নিকট প্রার্থনা উক্ত রুপ দরখাস্ত দৃষ্টে সন্তুষ্ট হইয়া এবং আসামীগনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা লইয়া বাধিত করিবেন।

Drafted by me
গোবর্ধন চন্দ্র দাস
(M.C.D.W.)

নিবেদন ইতি
গোবর্ধন চন্দ্র দাস
9733128065